



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd



শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যাউবি-১(০৪)/২০১৯-২০২০/ ২২৬০

তারিখঃ ২৩/০৩/২০২০

- ০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়
- ০২। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
- ০৩। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
- ০৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ বৈশ্বিক বহুমুখী নেতিবাচক আর্থিক অভিঘাত এবং মহামারী করোনার কারণে আর্থিক সংকট মোকাবিলায় কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণের জন্য বিশেষ পরামর্শ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, কৃষি ঋণ বিভাগ, ঢাকা এর ২২/০৩/২০২০ তারিখের সূত্র নং-এসিডি (পলি)/৩৬/২০২০-১৩৭৬ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের মাধ্যমে বৈশ্বিক বহুমুখী নেতিবাচক আর্থিক অভিঘাতসহ মহামারী করোনার কারণে ভবিষ্যৎ আর্থিক সংকট মোকাবিলায় কৃষি খাতই আমাদের একমাত্র সহায়ক শক্তি। তাই কৃষি উৎপাদন বোনোভাবেই যেন ব্যাহত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষকে জরুরীভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে অবহিত করা হয়েছে। কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণের পাশাপাশি পল্লী অঞ্চলে ঋণ প্রবাহ বৃদ্ধি করা অতীব জরুরী হয়ে পড়েছে। জাতীয় স্বার্থে কৃষি ও পল্লী ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি পল্লী অঞ্চলে অধিক পরিমাণে কৃষি ঋণ বিতরণের বিষয়টি অতীব জরুরী বিবেচনা করার জন্য বিশেষভাবে পরামর্শ প্রদান করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের উক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ১(এক) পাতা।

আপনার বিশ্বস্ত,


23/03/2020

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

তারিখঃ ২৩/০৩/২০২০

নং-প্রকা/শানিব্যাউবি-১(০৪)/২০১৯-২০২০/ ২২৬০

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির, ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৭। নথি/মহানথি।


(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

৫০১১৯



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

২/৪/২০২০
২৩/৩/২০২০

কৃষি ঋণ বিভাগ

সূত্র নং-এসিডি (পলি)/৩৬/২০২০- ১৩৭৬

তারিখঃ ২২/০৩/২০২০

ব্যবস্থাপনা পরিচালক
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,
৮৩-৮৫, মতিঝিল বা/এ
ঢাকা।

প্রিয় মহোদয়,

বিষয়ঃ বৈশ্বিক বহুমুখী নেতিবাচক আর্থিক অভিঘাত এবং মহামারী করোনার কারণে আর্থিক সংকট মোকাবিলায় কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণের জন্য বিশেষ পরামর্শ।

বৈশ্বিক বহুমুখী নেতিবাচক আর্থিক অভিঘাতসহ মহামারী করোনার কারণে ভবিষ্যৎ আর্থিক সংকট মোকাবিলায় কৃষি খাতই আমাদের একমাত্র সহায়ক শক্তি। তাই কৃষি উৎপাদন কোনোভাবেই যেন ব্যাহত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকল পক্ষকে জরুরী ভিত্তিতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। সে লক্ষ্যে কৃষি ও পল্লী ঋণ বিতরণ কার্যক্রম ত্বরান্বিতকরণের পাশাপাশি পল্লী অঞ্চলে ঋণ প্রবাহ বৃদ্ধি করা অতীব জরুরী হয়ে পড়েছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে জাতীয় স্বার্থে কৃষি ও পল্লী ঋণ বিতরণের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের পাশাপাশি পল্লী অঞ্চলে অধিক পরিমাণে কৃষি ঋণ বিতরণের জন্য আপনাদেরকে বিশেষভাবে পরামর্শ প্রদান করা হলো। অনুগ্রহপূর্বক বিষয়টি অতীব জরুরী বিবেচনা করবেন।

আপনাদের বিশ্বস্ত

(অশোক কুমার দে)

নির্বাহী পরিচালক

ফোন : ৯৫৩০৪১৭

ই-মেইল : ashok.dey@bb.org.bd